



ಕರ್ನಾಟಕ ಸರ್ಕಾರ

ಆರೋಗ್ಯ ಮತ್ತು ಕುಟುಂಬ ಕಲ್ಯಾಣ (ಪ್ರಾಥಮಿಕ) ಇಲಾಖೆ

Job Category: Security/Protective Services

Job Source: ಕರ್ನಾಟಕ ಸರ್ಕಾರ

Job Summary

Posted On: 19 Sep 2024

Application Deadline: 5 Oct 2024

নিয়োগ বিজ্ঞপ্তি

১। সম্মিলিত সামরিক হাসপাতাল ঢাকার ইমারজেন্সী এন্ড ক্যাজুয়ালটি সেন্টারে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত পদে লোক নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের নিমিত্তে পদের সামনে উল্লেখিত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা	বয়স	অভিজ্ঞতা
১।	নার্স	১০	৩৫,০০০.০০	যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে বিএসসি ইন নার্সিং পাস হতে হবে।	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।	সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।
২।	ইনটেনসিভ কেয়ার এ্যানিস্ট্যাট (আইসিএ)	১৫	৪০,০০০.০০	ডিপ্লোমা/সমমান।	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে বয়স ৫৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	সংশ্লিষ্ট পেশার কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৩।	অপারেশন থিয়েটার এ্যানিস্ট্যাট (ওটিএ)	০৬	৩০,০০০.০০	ডিপ্লোমা/সমমান।	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে বয়স ৫৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	সংশ্লিষ্ট পেশার কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৪।	মেডিকেল এ্যানিস্ট্যাট	২১	৩০,০০০.০০	ডিপ্লোমা/সমমান।	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে বয়স ৫৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	সংশ্লিষ্ট পেশার কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৫।	রেডিওগ্রাফার	০৩	৩০,০০০.০০	ডিপ্লোমা/সমমান।	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে বয়স ৫৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	সংশ্লিষ্ট পেশার কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৬।	আয়া	০৬	১৫,০০০.০০	৮ম শ্রেণী/জেএসসি/সমমান পাস	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।	হাসপাতালে সংশ্লিষ্ট পদের কাজের অভিজ্ঞতাদের অগ্রাধিকার দেওয়া হবে।
৭।	পরিচ্ছন্নতা কর্মী (মহিলা)	০৬	১৫,০০০.০০	৫ম শ্রেণী/পিএসসি/সমমান পাস	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।	হাসপাতালে সংশ্লিষ্ট পদের কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
৮।	পরিচ্ছন্নতা কর্মী (পুরুষ)	০৬	১৫,০০০.০০	৫ম শ্রেণী/পিএসসি/সমমান পাস	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।	হাসপাতালে সংশ্লিষ্ট পদের কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
৯।	ওয়ার্ডবয়	০৩	১৫,০০০.০০	৮ম শ্রেণী/জেএসসি/সমমান পাস	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।	হাসপাতালে সংশ্লিষ্ট পদের কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
১০।	ইমারজেন্সি বয়/ রোগীর ট্রলি বয়	২১	১৫,০০০.০০	৮ম শ্রেণী/জেএসসি/সমমান পাস	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।	হাসপাতালে সংশ্লিষ্ট পদের কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
১১।	নিরাপত্তা গ্রহণী	০৩	১৫,০০০.০০	৮ম শ্রেণী/জেএসসি/সমমান পাস	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।	হাসপাতালে সংশ্লিষ্ট পদের কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
১২।	বার্তাবাহক	০৩	১৫,০০০.০০	৮ম শ্রেণী/জেএসসি/সমমান পাস	প্রার্থীদের বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।	হাসপাতালে সংশ্লিষ্ট পদের কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলী

- প্রার্থীর আবেদনপত্রে পদের নাম, প্রার্থীর নাম, পিতার নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখ, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয়তা এবং খামের উপর পদের নাম উল্লেখ করে কমান্ড্যান্ট, সিএমএইচ ঢাকা সেনানিবাস এর বরাবরে লিখিতভাবে আবেদন করতে হবে। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ০৫ অক্টোবর ২০২৪।
- প্রার্থীকে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, ০৪ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি জমা দিতে হবে। অবসরপ্রাপ্ত জেসিও/এনসিওদের ক্ষেত্রে চাকুরী হতে অবসর গ্রহণ সংক্রান্ত যাবতীয় নথিপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ অন্য যে কোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ক্রমিক নং ১ থেকে ৫ এ উল্লেখিত পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ১১ অক্টোবর ২০২৪ তারিখ ০৮.০০ ঘটিকায় ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১৮ অক্টোবর ২০২৪ তারিখে সিএমএইচ ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। উল্লেখিত তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাস্থানে উপস্থিত হতে হবে। এ ব্যাপারে আলাদা কোন ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না।
- ক্রমিক নং ৬ থেকে ১২ এ উল্লেখিত পদের প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা আগামী ১১ অক্টোবর ২০২৪ তারিখ ০৮.০০ ঘটিকায় ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। উল্লেখিত তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাস্থানে উপস্থিত হতে হবে। এ ব্যাপারে আলাদা কোন ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না।
- সংশ্লিষ্ট পদের বিপরীতে আবেদনপত্রের সাথে প্রত্যেক প্রার্থীকে কমান্ড্যান্ট, সিএমএইচ ঢাকার অনুকূলে ২০০.০০ (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জমা দিতে হবে। নির্বাচনী লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার ভাতা প্রদান করা হবে।

আইএসপিআর/সেনা/২০২৪/৫০৮
১৮/০৯/২৪

এ কে এম মশিউল মুনির
ব্রিগেডিয়ার জেনারেল
কমান্ড্যান্ট
সিএমএইচ ঢাকা